কুষ্টিয়ার ভেড়ামারায় প্রকাশ্য যুবককে কুপিয়ে জখম

কুষ্টিয়ার ভেড়ামারায় প্রকাশ্য দিবালোকে রিপন আলী (৩০) নামে এক যুবককে কুপিয়ে রক্তাক্ত জখম করেছে। এ ঘটনায় একজনকে আটক করেছে পুলিশ।

সোমবার দুপুর আড়াইটার দিকে কুষ্টিয়ার ভেড়ামারা শহরের কোচ স্ট্যান্ডের পিছনে রেললাইন এর উপরে প্রকাশ্যে এ জখমের ঘটনা ঘটে। রক্তাক্ত জখম রিপন আলীর অবস্থা আশংকাজনক হওয়ায় রাজশাহী মেডিকেল হাসপাতালে প্রেরণ করেছে। এঘটনায় চাঁদগ্রাম এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে।

ভেড়ামারা থানা ও এলাকাবাসী সুত্রে জানা যায়, ভেড়ামারা শহরের কোচ স্ট্যান্ডের পিছনে রেললাইন এর উপরে প্রকাশ্যে দিবালোকে রিপন আলী নামের ১ জনকে ধারালো দেশীয় অস্ত্র দ্বারা কুপিয়ে রক্তাক্ত জখম করে।

এলাকাবাসী মূমুর্ষ অবস্থায় রিপন আলীকে উদ্ধার করে ভেড়ামারা হাসপাতালে নেওয়া হলে তার অবস্থা আশংকাজনক হলে দ্রুত রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।

রিপন আলীর দুই পা জখম হয়েছে। এ ঘটনায় এলাকাবাসী সায়েম নামে একজন কে আটক করে ভেড়ামারা থানা পুলিশের নিকট সোর্পদ করেছে। এঘটনায় চাঁদগ্রাম এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে।

ভেড়ামারা থানার অফিসার ইনচার্জ মজিবুর রহমান জানান, সায়েম নামে একজনকে গ্রেফতার করেছে এবং বাঁকীদের কে গ্রেফতার এর চেষ্টা চলছে। অভিযান এবং প্রকৃত দোষীদের কে শনাক্ত করণে তদন্ত চলছে।

কুষ্টিয়ার দৌলতপুরে গৃহবধূর লাশ উদ্ধার

কুষ্টিয়ার দৌলতপুরে মুঞ্জিয়ারা খাতুন ডলি (২৮) নামে এক গৃহবধূর লাশ উদ্ধার করেছে পুলিশ। সোমবার দুপুরে উপজেলার রিফায়েতপুর ইউনিয়নের সোনাইকান্দি মাঠ থেকে তার লাশ উদ্ধার করা হয়।

নিহত গৃহবধু একই ইউনিয়নের শিতলাইপাড়া গ্রামের মিনহাজ উদ্দিনের স্ত্রী এবং আলাউদ্দিনের মেয়ে।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এসএম জাবীদ হাসান বিষয়টি নিশ্চিত করে তিনি বলেন, সোনাইকান্দি মাঠে একটি গাছের সাথে গৃহবধূ ডলির লাশ ঝুলতে দেখে দৌলতপুর থানা পুলিশকে খবর দেয় এলাকাবাসী।

খবর পেয়ে পুলিশ লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে প্রেরণ করে। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে প্রেরণ করা হয়েছে। এটি হত্যা না আত্মহত্যা ময়নাতদন্ত শেষে নিশ্চিত হওয়া যাবে বলে জানান ওসি) এসএম জাবীদ হাসান।

শৈলকুপা উপজেলা চেয়ারম্যানের ইন্তেকাল

শৈলকুপা উপজেলা চেয়ারম্যান সিকদার শেফালী বেগম ইন্তেকাল করেছেন। রোববার রাতে তিনি কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে অসুস্থ জনিত কারণে ইন্তেকাল করেন।

সিকদার শেফালী বেগম শৈলকুপা বর্ষিয়ান নেতা সাবেক উপজেলা চেয়ারম্যান মুক্তিযোদ্ধা মোশারফ হোসেন সিকদার সোনার সহধর্মিনী ছিলেন। স্বামীর মৃত্যুতে শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান পদটি শূন্য হলে উপনির্বাচনে তিনি বিপুল ভোটে চেয়ারম্যান নির্বাচিত হন।

সিকদার শেফালী বেগম এর মৃত্যুতে তার পরিবার ও রাজনৈতিক অঙ্গনে শোকের ছায়া নেমে এসেছে।

ঝিনাইদা ১ আসনের সংসদ সদস্য ও সাবেক প্রতিমন্ত্রী আবদুল হাই শেফালী বেগম এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

মেয়র প্রার্থী বাসের আলম সিদ্দিকীর পক্ষে মোটরসাইকেল শোডাউন

ঝিনাইদহ পৌরসভা নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী বাসের আলম সিদ্দিকীর সমর্থনে মোটরসাইকেল শোডাউন অনুষ্ঠিত হয়েছে। রবিবার বিকেলে পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে শোডাউন ও জনসংযোগ করা হয়।

পৌরসভা নির্বাচনে প্রার্থী বাসের আলম সিদ্দিকী ইতিমধ্যেই বিভিন্ন ওয়ার্ডে ব্যাপক প্রচারণা চালাচ্ছেন। বাসের আলম সিদ্দিকীর কর্মীসমর্থকেরা জানান, অবহেলিত ঝিনাইদহ পৌরসভার অচলায়তন ভাঙতে হবে। অবকাঠামো, রাস্তা-ঘাট, জলাবদ্ধতা দূরীকরণে আমাদের প্রার্থীকে জয়যুক্ত করতে হবে।

এসময় দুই সহস্রাধিক মোটরসাইকেলের বহর নিয়ে পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের জনগণের সাথে জনসংযোগ করেন এবং বাসের আলম সিদ্দিকীকে জয়যুক্ত করার বিনীত আহ্বান জানান।

এ সময় পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের আওয়ামী লীগ ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ পৌরসভার স্বতন্ত্র মেয়র প্রার্থীর ব্যবসা প্রতিষ্ঠানে হামলা ভাংচুর লুটপাটের অভিযোগ

ঝিনাইদহ পৌরসভা নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজলের ব্যবসায়ীক প্রতিষ্ঠান ভাংচুরের ঘটনা ঘটেছে। রবিবার সন্ধ্যা ৬টার দিকে একদল যুবক ঝিনাইদহ শহরের গার্লস স্কুল রোডে অবস্থিত কিংশুক বিপনীতে হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট করে।

এ সময় ব্যবসা প্রতিষ্ঠানের সামনে থাকা কিংশুক বিপনীর পিকআপ ভ্যানের গ্লাস ভাংচুর করা হয়। কিংশুক বিপনীর কর্মচারীরা বলেন, তাদের দোকানের ক্যাশ থেকে প্রায় ১৫ লাখ টাকা লুট করা হয়েছে।

হামলার সময় স্বতন্ত্র প্রার্থী কাইয়ুম শাহরীয়ার জাহেদী হিজল নির্বাচনী প্রাচারনায় ব্যস্ত ছিলেন। খবর পেয়ে তিনি শত শত সমর্থক নিয়ে ঘটনাস্থলে ছুটে আসেন।

বাসায় ফিরে তিনি তাৎক্ষনিক এক সাংবাদিক সম্মেলনে কাইয়ুম শাহরীয়ার জাহেদী হিজল নৌকার কতিপয় সমর্থকদের এই হামলার জন্য দায়ী করে বলেন, আমার পিতা মুছা মিয়া একজন ভাষা সৈনিক ও বীর মুক্তিযোদ্ধা।

তিনি জীবন বাজী রেখে দেশ স্বাধীন করেছেন। হিজল বলেন, আমার পিতা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ছিলেন। বঙ্গবন্ধু আমাদের বাড়িতে এসেছেন। অথচ আমি ভোটে দাড়িয়ে কি দোষ করেছি যে আমার বাড়িতে হামলা করা হলো? হিজল বলেন, ১২০ বছরের ইতিহাসে তো নয়ই এমনকি পাক আর্মিরাও আমাদের বাড়িতে হামলা করার সাহস দেখায়নি।

তিনি বলেন ঝিনাইদহ থেকে সন্ত্রাস, দুর্নীতি ও পেশীশক্তি নির্মলে আমার পরিবারের গায়ে এক বিন্দু রক্ত থাকতেও আমি আসন্ন পৌরসভা নির্বাচন থেকে পিছ পা হবো না।

এদিকে স্বতন্ত্র প্রার্থী হিজলের ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুর করে যাওয়ার সময় পৌর বিএনপি নেতা মাহফুজুর রহমান লিপিয়ার ও আওয়ামী লীগ সমর্থক কটন আসলামকে পিটিয়ে জখম করা হয়।

তাদের দুইজনকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। আসলাম আওয়ামী লীগ সমর্থক ও জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তির বন্ধু হিসেবে পরিচিত।

অন্যদিকে যুবদল নেতা মাহফুজুর রহমান লিপিয়ারের বড় ভাই আলমগীর ঝিনাইদহ পৌরসভার কালীচরণপুর ওয়ার্ড থেকে কাউন্সিলর হিসেবে নির্বাচন করছেন। ভাইয়ের কারণে ছোট ভাইয়ের উপর হামলা করা হয় বলে পারিবারিক ভাবে অভিযোগ করা হয়েছে।

ঝিনাইদহ জেলা বিএনপি এই হামলার নিন্দা জানিয়ে বলেছেন, আওয়ামী লীগ নির্বাচনকে ভয় পায় বলেই দিনের ভোট রাতে করে ও কোন প্রতিদ্বন্দি রাখতে চাই না। নির্বাচনে জিততে পারবেনা বলেই তারা ঝিনাইদহ শহরে নৈরাজ্য কায়েম করছে বলেও বিএনপি অভিযোগ করেন।

এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার ওসি শেখ সোহেল রানা বলেন, হামলার পর আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। এখনো কেও অভিযোগ করেনি। অভিযোগ পেলে ব্যবস্থা গ্রহন করা হবে।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে সৌজন্যে সাক্ষাৎ করেন মাহফুজর রহমান মঞ্জুর

দামুড়হুদা উপজেলা কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের সাথে সৌজন্যে সাক্ষাৎ করেন, দামুডহুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু।

রবিবার বিকাল তিনটায় সময় এ সময় উপস্থিত ছিলেন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ইউনিয়ন আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি আব্দুল করিম বিশ্বাস, সাবেক উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি সইদুল হক, ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ন সম্পাদক আব্দুল ছালাম বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক জাহিদুল ইসলাম মুকুল,

ইউনিয়ন পরিষদের সদস্য পুরুষ ও মহিলা সদস্য কার্পাসডাঙ্গা ইউনিয়নের স্থানীয় আওয়ামী লীগের যুবলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন প্রমুখ।

মাহাফুজুর রহমান রিটনকে গণসংবর্ধনা দিতে জনতার ঢল

মেহেরপুর পৌরসভার নির্বাচন আগামী ১৫ জুন। মেহেরপুর পৌরসভায় বাংলাদেশ আওয়ামী লীগের মনোনীত মেয়র প্রার্থী হিসেবে মনোনীত করা হয়েছে জেলা যুবলীগের আহ্বায়ক মাহাফুজুর রহমান রিটনকে।

গত শুক্রবার তাকে দলীয় মনোনয়ন দেওয়া হয়। ঢাকা থেকে মনোনয়ন নিয়ে নিজ এলাকায় আসলে রবিবার বিকালে আমঝুপি থেকে এক মোটরসাইকেল শোভাযাত্রা নিয়ে মাহাফুজুর রহমান রিটনকে ফুলের মালা দিয়ে বরণ করা হয়।
শোভাযাত্রাটি মেহেরপুর শহর প্রদক্ষিন করে শামসুজ্জোহা পার্ক চত্বরে এসে শেষ হয়।

এসময় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্প অর্পন করা হয়। পরে মেহেরপুর পৌর আওয়ামী লীগের সম্পাদক অ্যাড. খ ম ইমতিয়াজ হারুন জুয়েলের সভাপতিত্বে সীমিত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানে সঞ্চালনায়, বক্তব্য রাখেন মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন।

অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাড. মিয়াজান আলী, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম।

এসময় বক্তারা বলেন, জননেত্রী শেখ হাসিনা মাহাফুজুর রহমান রিটনের হাতে নৌকা প্রতীক তুলে দিয়েছেন। আসুন আমরা সকল ভেদাভেদ ভুলে

জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে মেহেরপুর পৌরসভায় নৌকা প্রতীকের প্রার্থীকে বিজয়ী করে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করি।

নৌকা প্রধানমন্ত্রী রিটনকে নয় মেহেরপুর পৌর বাসীকে দিয়েছেন। নৌকা প্রতীককে বিজয়ী করে সে সম্মান রক্ষার দায়িত্ব আপনাদের।

এছাড়াও আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, কৃষকলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা এসময় উপস্থিত ছিলেন। এসময় জয় বাংলা, জয় বঙ্গবন্ধু শ্লোগানে মুখরিত হয়ে ওঠে চারদিক।

ঝিনাইদহে সমালোচনার মুখে আ.লীগের দলীয় চেয়ারম্যান প্রার্থী পরিবর্তন

ঝিনাইদহ সদর উপজেলার ৮নং পাগলাকানাই ইউনিয়নের চেয়ারম্যান পদে আওয়ামী লীগ দলীয় মনোনীত প্রার্থীর বিরুদ্ধে ইউনিয়নসহ জেলার সাধারণ মানুষের কাছে নানামুখী সমালোচনার কারনে প্রার্থী পরিবর্তন করে নতুন প্রার্থীর নাম ঘোষণা করা হয়েছে।

গত ১৩ মে কেন্দ্রীয় আওয়ামী লীগের মনোনয়ন বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক ঝিনাইদহ সদরের ৮নং পাগলা কানাই ইউনিয়নে আসাদুজ্জামান চাঁনকে আওয়ামী লীগের প্রার্থী হিসেবে মনোনয়ন দেওয়া হয়েছিল।

কিন্ত এমন ঘোষণা আসার সাথে সাথে এলাকা জুড়ে আন্দোলন ও বিক্ষোভ ছড়িয়ে পড়ে। এই আসাদুজ্জামান চাঁন, ঝিনাইদহ পৌরসভায় প্রশাসনিক কর্মকর্তা থাকাকালীন চেক জালিয়াতিসহ নানা অপকর্মে জড়িয়ে পড়ে এবং অভিযোগ প্রমানিত হয়।

তাছাড়া তিনি কখনো আওয়ামী লীগের কোন ইউনিটে কাজ করেছেন বলে কেউ প্রমান দিতে পারেননি। এমন ব্যক্তি কিভাবে মনোনয়ন পেল এনিয়ে নেতারাও সমালোচিত হয়েছেন এবং মনোনয়ন বাণিজ্য হয়েছে বলেও অনেকে মন্তব্য করেন।

গত শনিবার দিনভর এমন সমালোচনা ও বিক্ষোভ করে এলাকাবাসী আসাদুজ্জামান চাঁনের পরিবর্তে উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আবু সাইদ বিশ্বাসকে মনোনয়ন দেওয়ার দাবি জানান।

পরে মনোনয়ন বোর্ড রবিবার দুপুরে সিদ্ধান্ত পরিবর্তন করে আতাউর রহমান আতাকে মনোনয়ন দিয়েছেন বলে জানা গেছে। আতাউর রহমান আতা একই ইউনিয়নের বেড়বাড়ী গ্রামের আফজাল হোসেনের ছেলে এবং ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সাবেক প্রচার সম্পাদক ছিলেন।

বিক্ষোভকারীদের কাঙ্খিত প্রার্থীকে মনোনয়ন না দেওয়ায় এবং তিনি সমালোচিত প্রার্থী আসাদুজ্জামান চাঁনের চাচাত ভাই বলে অনেকেই বিব্রত হয়েছেন।

গাংনীর পিরতলা থেকে পরিত্যক্ত অবস্থায় ফেনসিডিল উদ্ধার

পরিত্যক্ত অবস্থায় ৫০ বোতল ফেনসিডিল ও মাদক পাচারের কো ব্যবহৃত অটো বাইক উদ্ধার করেছে ভবানীপুর পুলিশ ফাঁড়ির সদস্যরা।

শনিবার দুপুরের দিকে গাংনী উপজেলার পিরতলা বটতলা বাজার এলাকা থেকে ফেনসিডিলগুলো উদ্ধার করা হয়। ভবানীপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই জহির জানান, ফেনসিডিল পাঁচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে বস্তায় করে ভাঙ্গারি বহনকারী একটি অটো ভ্যান গতিরোধ করা হয়।

এসময় চালক তার ভ্যান ফেলে পালিয়ে যায়। পরে ভাঙ্গারির বস্তা তল্লাশি করে তার মধ্য থেকে ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় মামলা হয়েছে।

নবম বারের মত শ্রেষ্ট পুলিশ অফিসার হলেন ডিবি’র এসআই অজয় কুন্ডু

মাদকদ্রব্য উদ্ধারে একের পর এক সফলতা দেখিয়ে মেহেরপুর জেলা পুলিশ বিভাগে শ্রেষ্ঠ মাদক উদ্ধারকারী পুলিশ অফিসার হিসাবে ৯ম বারের মত পুরস্কার লাভ করলেন মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবির) উপপরিদর্শক (এসআই) অজয় কুমার কুন্ডু।

শনিবার দুপুরের দিকে মেহেরপুর পুলিশ লাইন্স ড্রিলসেড মিলনায়তনে আয়োজিত মাসিক কল্যাণ সভায় আনুষ্ঠানিক ভাবে এসআই অজয় কুমার কুন্ডুকে শ্রেষ্ঠ অফিসার হিসেবে ঘোষণা করা হয়।

অজয় কুন্ডু মাদক উদ্ধারে নবমবারের মত শ্রেষ্ট হওয়ায় তাকে আনুষ্ঠানিক ভাবে পুরস্কার ও ক্রেস্ট তুলে দেন মেহেরপুর জেলা পুলিশ সুপার মোঃ রাফিউল আলম।

এ সময় অন্যদের মধ্যে অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, (সার্কেল) অপু সরোয়ার, মেহেরপুর সদর থানার ওসি শাহা দারা খান, ডিআইও-১ ফারুক হোসেন, ডিবি’র ওসি সাইফুল ইসলাম প্রমূখ উপস্থিত ছিলেন।

এ প্রসঙ্গে এসআই অজয় কুন্ডু বলেন, এ পুরুস্কার পুলিশ বিভাগের সকল সদস্যের জন্য গৌরবের। সকলের আন্তরিক সহযোগীতা ও ভালবাসার কারণে মেহেরপুর জেলায় আমি নবমিারের মত মাদক উদ্ধারে শ্রেষ্ঠ অফিসারের পুরুস্কার পেয়েছি।